

বেইট স্টেশনের ভিতর বিষটোপ ব্যবহার করে নিরাপদে ইঁদুর দমন


ইঁদুর দমনে স্বল্প বা দীর্ঘমাত্রার বিষ ব্যবহার একটি কার্যকরী ও জনপ্রিয় পদ্ধতি। যথাযথ মাত্রায় বিষ গ্রহণ করলে মাঠ পর্যায়ে প্রায় ৮০ ভাগ বা তার বেশী সফলতা পাওয়া যায়। গৃহপালিত প্রাণী এবং অন্যান্য উপকারী প্রাণীর জন্য বিষ ক্ষতিকর বিধায় এর ব্যবহার নিরাপদ ও ঝুঁকি মুক্ত হতে হবে। ইঁদুরের বিষ ব্যবহারে তাই দুই মুখ খোলা কাঠের বা প্লাস্টিকের তৈরী বেইট স্টেশনের ব্যবহার একটি কার্যকরী পদ্ধতি। এটি দুই মুখ খোলা কাঠের বা প্লাস্টিকের পাইপ এর তৈরী বাক্স বিশেষ যার দৈর্ঘ্য ২৫ সে.মি. এবং প্রস্থ ১০ সে.মি. এবং উচ্চতা ১০ সে.মি., এর ভিতরে বিষটোপ রাখার জন্য একটি ৬ সে. মি. ব্যাস বিশিষ্ট একটি চ্যানেল আছে। মাঠে বা ঘরে ইঁদুরের উপদ্রবের স্থানে, ইঁদুরের গর্তের মুখে বা চলাচলের বাস্তায় এই বেইট স্টেশন রেখে তার ভিতরে বিষ প্রয়োগ করলে ইঁদুর সহজেই এই বিষের প্রতি আকৃষ্ট হয় এবং পরিমিত মাত্রায় বিষ গ্রহণ করে। এই পদ্ধতিতে বিষ ব্যবহার করলে ইঁদুর প্রতি দিন প্রায় ০.৪৫ গ্রাম বিষ গ্রহণ করে যা সাধারণ ভাবে কাগজের উপর ব্যবহৃত বিষের চেয়ে পরিমাণে প্রায় দ্বিগুন। এই বেইট স্টেশন ব্যবহার নিরাপদ ভাবে তীব্র বিষ বা দীর্ঘস্থায়ী বিষ ব্যবহার করা যায় এবং সফলতাও অনেক বেশী আসে। এটি একটি নিরাপদ ও পরিবেশ বান্ধব পদ্ধতি। এটি মাঠে, গুদামে এবং গাছে সর্বত্র ব্যবহার করা যায়।



কাঠের তৈরী বেইট স্টেশন



প্লাস্টিকের তৈরী বেইট স্টেশন



প্লাস্টিকের তৈরী বেইট স্টেশন